শিলিগুড়ি ■ জলপাইগুড়ি

আনন্দবাজার পত্রিকা

৫ আশ্বিন ১৪৩৩ মঙ্গলবার ২২ সেপ্টেম্বর ২০২৬ XCNE

পুরসভার গেটে বর্জ্য জলপাইগুড়িতে

এক নজরে

■ পুজোর আগে শুরু রাস্তা সারাই। সোমবার শিলিগুড়ির মহাকালপল্লিতে। নিজস্ব চিত্র

এল ফরেনসিক দল

▸▸ **শিলিগুড়ি:** কার্শিয়াঙের সিটংয়ে হোম-স্টেতে বারবিকিউ করার সময়ে আগুনে নববধূ ঝলসে যাওয়ার ঘটনায় সোমবার তদন্তে গেল ফরেনসিক বিশেষজ্ঞ দল। অকুস্থল পরীক্ষা করেন তাঁরা। পরে ওই হোম-স্টে সিল করে দেওয়া হয়। জখম বধূর কলকাতায় চিকিৎসা চলছে।

বালি পাচার, ধৃত

▸▸ **শিলিগুড়ি:** বালি তুলে তা পাচারের অভিযোগে একটি ট্রাক্টর-সহ এক জনকে গ্রেফতার করল বাগডোগরা থানার পুলিশ। সোমবার সকালে তারাবাড়িতে। ধৃতের নাম সুজিত সিংহ। অভিযুক্ত জেল হেফাজতে।

চুরি, ধৃত এক

▸▸ **শিলিগুড়ি:** চুরির অভিযোগে রবিবার রাতে এক জনকে গ্রেফতার করল বাগডোগরা থানার পুলিশ। ধৃতের নাম বিশ্বত ওরাওঁ, কমলপুর চা বাগানের বাসিন্দা। চোরাই সামগ্রী উদ্ধার হয়েছে। অভিযুক্ত জেল হেফাজতে।

গাঁজা উদ্ধার

▸▸ **শিলিগুড়ি:** রবিবার এনজেপি স্টেশনে ট্রেনের কামরায় অভিযান চালিয়ে ১০০ কেজি গাঁজা উদ্ধার করল জিআরপি। ধৃত দু’জন সুরজকুমার পাশোয়ান ও রাজ কিশোর বিহারের বাসিন্দা।

মূর্তি উদ্ধার

▸▸ **শিলিগুড়ি:** কাঞ্চনবাড়ি শনি মন্দির থেকে চুরি যাওয়া মার্বেলের মূর্তি সোমবার তিস্তা সেচ ক্যানাল থেকে উদ্ধার করল নিউ জলপাইগুড়ি থানার পুলিশ। ঘটনায় ধৃত এক।

প্রতিযোগিতা

▸▸ **জলপাইগুড়ি:** জাতীয় ভলিবল প্রতিযোগিতায় যোগ দিতে গেল নিউ জলপাইগুড়ি রেলওয়ে হাই স্কুলের মেয়েরা। ২২-২৭ সেপ্টেম্বর লুধিয়ানায় দেশের সিবিএসসি স্কুলগুলির মধ্যে প্রতিযোগিতা হবে।

আজ আবহাওয়া

সর্বোচ্চ তাপমাত্রা

৩৫°

সেলসিয়াস

গত কাল

সর্বোচ্চ ৩৫.৩°

সর্বনিম্ন ২৬.৫°

আপেক্ষিক আর্দ্রতা ৭৫%

বৃষ্টিপাত হয়নি

হরিয়ানায় খুন যুবক, শিলিগুড়িতে ধৃত তিন

নিজস্ব সংবাদদাতা

শিলিগুড়ি

হরিয়ানার কুরুক্ষেত্র জেলার ফিয়োবা শহরে এক যুবককে খুন করে নেপালে পালানোর আগে বাগডোগরা থানার পুলিশ রবিবার রাতে তিন জনকে আটক করল। পুলিশ জানায়, তাদের নাম হল জসনদীপ সিংহ, করণ কৌশল, আশিস। সোমবার তিন জনকে হরিয়ানা পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। ধৃতদের সোমবার শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করে তিন দিনের ট্রানজিট রিমান্ডে হরিয়ানায় নিয়ে গিয়েছে সে রাজ্যের পুলিশ। হরিয়ানা পুলিশের ডিএসপি রণধীর সিংহ বলেন, “তিন জনের বিরুদ্ধে খুনের মামলা দায়ের হয়েছে। শিলিগুড়ি থেকে গ্রেফতার করা হয়েছে।” শিলিগুড়ি পুলিশের ডেপুটি কমিশনার চারু শর্মা বলেন, “তিন জনকে হরিয়ানা পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।”

পুলিশ সূত্রে খবর, নিহতের নাম গুরপ্রীত সিংহ (২৯)। ১৪ সেপ্টেম্বর রাতে ফিয়োবা শহরের প্রধান বাজারে গাড়ি চালানো নিয়ে ঝামেলা বাধে। অভিযোগ, ওই সময়ে ধৃতেরা ধারাল অস্ত্র দিয়ে গুরপ্রীতের উপরে হামলা চালায়। এর পরে তারা পালিয়ে শিলিগুড়িতে আসে। আক্রান্ত যুবক হাসপাতালে চিকিৎসা চলাকালীন ১৯ সেপ্টেম্বর মারা যান। হরিয়ানা পুলিশ অভিযুক্তদের মোবাইল টাওয়ারের খোঁজ করে। জানা যায়, তিন জনে পশ্চিমঙ্গে পালিয়েছে। তাদের তরফে পশ্চিমবঙ্গ পুলিশকে সতর্ক করা হয়। খোঁজ পেয়ে বাগডোগরা থানার ওসি কল্যাণ সাহা ও এসওজি দল অভিযুক্তদের আটক করে। হরিয়ানা পুলিশ এসে সোমবার তাদের গ্রেফতার করে সে রাজ্যে নিয়ে যায়। পুলিশ জানায়, অভিযুক্তেরা প্রথমে ভুটানে গিয়েছিল। পরে নেপালে পালানোর ছক কষে। অভিযুক্তদের দাবি, আত্মরক্ষায় তারা অস্ত্র চালিয়েছিল।

■ অন্নপূর্ণা ভান্ডার যোজনার টাকা না পেয়ে বিক্ষোভ মহকুমাশাসকের দফতরের সামনে। সোমবার শিলিগুড়িতে। *নিজস্ব চিত্র*

মেলেনি অন্নপূর্ণার টাকা, দুই জেলায় বিক্ষোভ মহিলাদের

নিজস্ব সংবাদদাতা

শিলিগুড়ি ও জলপাউগুড়ি

জলপাইগুড়িতে ব্লক অফিসের সামনের রাস্তা অবরোধ করেন মহিলারা।

অন্নপূর্ণা যোজনার টাকা না-পেয়ে শিলিগুড়ি ও জলপাইগুড়িতে বিক্ষোভ দেখালেন মহিলারা। সোমবার জলপাইগুড়ি ব্লক উন্নয়ন আধিকারিকের দফতর ঘেরাও করেন সদর ব্লকের বিভিন্ন জায়গা থেকে আসা বহু মহিলা। দীর্ঘক্ষণ বিক্ষোভ চললেও সমস্যার সমাধানে কোনও ব্যবস্থা না-হওয়ার ব্লক অফিসের সামনে রাস্তা অবরোধ করেন তাঁরা। রাস্তায় যানজটের সৃষ্টি হয়। জলপাইগুড়ি সদর ব্লক অফিস সূত্রে জানা গিয়েছে, যে সব মহিলা অন্নপূর্ণার টাকা পাননি, তাঁদের আবেদন খতিয়ে দেখা হচ্ছে।

অন্নপূর্ণা যোজনার টাকা না-পেয়ে সোমবার শিলিগুড়ির মহকুমাশাসকের দফতরেও বিক্ষোভ দেখান শহরের মহিলারা। অভিযোগ, কেউ এক মাস পেয়ে তারপর থেকে আর টাকা পাননি। কেউ চারবার আবেদন করার পরেও টাকা পাননি। কারও গত তিন মাস ধরে প্রক্রিয়া চলছে দেখাচ্ছে। এ সব অভিযোগ নিয়ে শিলিগুড়ির মহকুমাশাসকের দফতরে গিয়েছিলেন শিলিগুড়ির পুরসভার ওয়ার্ডগুলির একাংশের মহিলারা। তাঁদের আবেদনের কী পরিস্থিতি জানতে কয়েক ঘণ্টা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকার পরে অনেকেই বিরক্ত হন। এর পরেই বিক্ষোভ শুরু হয়। পরিস্থিতি স্বাভাবিক রাখতে এলাকায় পুলিশ মোতায়েন করা হয়। আলোদিনি বর্মণ নামে এক মহিলা বলেন, “আমার স্বামী নেই। দুই মেয়েকে নিয়ে সংসার। বাসা বাড়িতে পরিচারিকার কাজ করে খাই। লক্ষ্মীর ভান্ডার পেতাম। সেটা দিয়ে মেয়েদের পড়াশোনায় খরচ করতাম। এখন সেটাও বন্ধ হয়ে গিয়েছে।”

জলপাইগুড়িতে সাবিনা বেগম বলেন, “নতুন সরকার আসার পর থেকে লক্ষ্মীর ভাণ্ডারের পরিবর্তে অন্নপূর্ণা যোজনার টাকা পাচ্ছি না।” আর এক মহিলা সফিয়া খাতুন বলেন, “সব জিনিসের দাম আকাশছোঁয়া, সংসার চালানো যাচ্ছে না।”

পুরসভার গেটে বর্জ্য ফেলে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা

জলপাইগুড়ি

ফের জলপাইগুড়ি পুরসভায় বিক্ষোভ দেখালেন অস্থায়ী সাফাইকর্মীরা। বকেয়া বেতনের দাবিতে সোমবার পুরসভার মূল গেটে তালা ঝুলিয়ে দেন তাঁরা। গেটের সামনে আবর্জনার স্তূপ ফেলে দেওয়া হয়। জেলা প্রশাসনের দ্বারস্থ হয়েও সমস্যা মেটেনি বলে অভিযোগ ওই কর্মীদের। আন্দোলনের জেরে পুরসভার আধিকারিক, কর্মীরা রাস্তায় দাঁড়িয়ে থাকেন। আজ, মঙ্গলবার থেকে সাফাইকর্মীরা কাজ বন্ধ রাখবেন বলে জানিয়েছেন। পুরসভার আধিকারিক (এগজিকিউটিভ অফিসার) দেবদুলাল পাত্র বিক্ষোভের জেরে পুরসভায় প্রবেশ করতে পারেননি। তিনি বলেন, “সাফাইকর্মীদের বেতনের সমস্যার কথা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।”

কার্যত অভিভাবকহীন অবস্থায় রয়েছে জলপাইগুড়ি পুরসভা। পুরসভা সূত্রে খবর, শহরের ২৫টি ওয়ার্ডে প্রায় সাড়ে তিনশো অস্থায়ী সাফাইকর্মী কাজ করেন। তাঁদের অভিযোগ, দুই মাসের বেতন বকেয়া রয়েছে। তার জেরে জলপাইগুড়ি সাফাইকর্মী একতা মঞ্চের তরফে আন্দোলন শুরু হয়েছে। এ দিন ট্রাক্টরে বর্জ্য নিয়ে এসে পুরসভার গেটের সামনে ফেলে রাস্তা বন্ধ করে দেওয়া হয়। আন্দোলনে শামিল গোপাল মণ্ডল বলেন, “ঝড়বৃষ্টিতেও কাজ করে চলছি। পুরসভার অন্য বিভাগের অস্থায়ী কর্মীদের বেতন হচ্ছে। শুধু সাফাইকর্মীদের বেতন নেই।” মঞ্চের তরফে প্রতাপ রাউত বলেন, “এমন পরিস্থিতি এর আগে কখনও হয়নি। বাধ্য হয়ে আমরা মঙ্গলবার সকাল থেকে শহরের জলের পাম্পগুলি বন্ধ করে দেব। পুরসভার সাফাইকর্মীরা কাজ করবেন না। ঠিকাদার সংস্থার কর্মীদেরও সাফাইয়ের কাজ করতে দেওয়া হবে না।”

পুনর্বিন্যাস-প্রস্তাবে বাড়ল ওয়ার্ড সংখ্যা

নিজস্ব সংবাদদাতা

শিলিগুড়ি

প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছেন বিরোধীরা।

শিলিগুড়ি পুর এলাকার ওয়ার্ড পুনর্বিন্যাস কোথায় কী ভাবে হবে সোমবার রাতে সেই প্রস্তাবিত নির্দেশ জারি করল দার্জিলিং জেলা প্রশাসন। প্রশাসন সূত্রে খবর, বর্তমানের ৪৭টি ওয়ার্ড ভেঙে ৬৩টি ওয়ার্ড করা হচ্ছে। পুনর্বিন্যাস নিয়ে কারও কোনও প্রস্তাব, আপত্তি, কোনও দাবি থাকলে ২১ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবরের মধ্যে জেলা বা পুর নির্বাচনী আধিকারিকের দফতরে তা জানাতে বলা হয়েছে।

এ দিনই সাংবাদিক বৈঠক ডেকে ওয়ার্ড পুনর্বিন্যাস নিয়ে বিজেপিকে সুবিধা পাইয়ে দেওয়ার অভিযোগ তুলেছে সিপিএম। সিপিএমের প্রাক্তন প্রাক্তন মেয়র পারিষদ নুরুল ইসলাম বলেন, “শহরের জনসংখ্যায় সমতা রেখে ওয়ার্ড পুনর্বিন্যাসের নামে আসলে বিজেপিকে সুবিধা পাইয়ে দেওয়া হচ্ছে। নির্বাচন কমিশন, পুর কমিশনার ও পুর প্রশাসক বিজেপির সঙ্গে যোগসাজোশ করে এই কাজ করছে।” কংগ্রেসের দার্জিলিং জেলা (সমতল) সভাপতি সুবীন ভৌমিক জানান, মানুষের মতামত নিয়ে সর্বদল বৈঠক করে এ সব করা উচিত ছিল। তৃণমূলের জেলা সভাপতি (সমতল) কুন্তল রায়ও একই দাবি করেন।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ১ নম্বর ওয়ার্ড ভেঙে ১ এবং ৫০ নম্বর ওয়ার্ড, ৪ নম্বর ওয়ার্ড ভেঙে ৪ এবং ৫১ নম্বর, তেমনই ৫ নম্বর ওয়ার্ড ভেঙে ৫২ নম্বর ওয়ার্ড, ২৪ নম্বর ওয়ার্ড ৫৩ নম্বর ওয়ার্ড, ৪৬ নম্বর ওয়ার্ড ভেঙে আরও দু’টি ৪৮ এবং ৪৯ নম্বর ওয়ার্ড করা হচ্ছে দার্জিলিং জেলার অংশে।

জলপাইগুড়ি জেলার অধীনে থাকা সংযোজিত এলাকায় ৩১ নম্বর ওয়ার্ড ভেঙে একটি ৫৪ নম্বর ওয়ার্ড, ৩৩ নম্বর ওয়ার্ড ভেঙে ৫৫ নম্বর, ৩৪ নম্বর ওয়ার্ড ভেঙে ৫৬ নম্বর, ৩৭ নম্বর ওয়ার্ড ভেঙে ৫৭ নম্বর ওয়ার্ড করা হচ্ছে। ৪০ নম্বর ওয়ার্ড ভেঙে মোট তিনটি ৫৮ এবং ৫৯ নম্বর ওয়ার্ড করা হবে। ৪১ নম্বর ওয়ার্ড ভেঙে ৪১ এবং ৬০ নম্বর ওয়ার্ড, ৪২ নম্বর ওয়ার্ড ভেঙে ৪২ এবং ৬১ নম্বর, ৪৩ নম্বর ভেঙে ৪৩ এবং ৬২ নম্বর, ৪৪ নম্বর ওয়ার্ড ভেঙে ৬৩ নম্বর ওয়ার্ড গঠন করার কথা বলা হয়েছে।

টাকা নিয়ে ভুয়ো নথি, ধৃত সরকারি কর্মী

নিজস্ব সংবাদদাতা

শিলিগুড়ি

সরকারি জমি লিজ় করিয়ে দেওয়ার কথা বলে সরকারি আধিকারিকদের জাল সই ও ভুয়ো নথি তৈরি করে টাকা নেওয়ার অভিযোগে গ্রেফতার করা হল নকশালবাড়ি হাসপাতালের এক গ্রুপ-সি কর্মীকে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম গৌতম দত্ত। ঘটনায় তাঁর সহযোগী শুভম ঘোষ নামে এক চা বিক্রেতাকে গ্রেফতার করেছে পুলিশ।

অভিযোগ, বাগডোগরার এক ব্যবসায়ীকে সরকারি জমি লিজ় করিয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে অভিযুক্তেরা ১৭ লক্ষ টাকা নেন। পরে জেলাশাসক এবং ভূমি রাজস্ব দফতরের আধিকারিকের সই জাল করে সরকারি নথির আদলে কিছু কাগজপত্র তৈরি করে ওই ব্যবসায়ীর হাতে তুলে দেওয়া হয়। নথি হাতে পাওয়ার পরে সেটি নিয়ে জেলাশাসকের দফতরে গেলে বিষয়টি প্রকাশ্যে আসে। এর পরেই ব্যবসায়ী নকশালবাড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। পুলিশের সন্দেহ এই চক্রের সঙ্গে আরও কয়েক জন জড়িত।

শিক্ষকদের বেতন বকেয়া, বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা

জলপাইগুড়ি

তিন মাস ধরে বেতন বকেয়া রয়েছে জলপাইগুড়ি জেলার এসএসকে ও এমএসকে শিক্ষক-শিক্ষিকাদের। পুজোর আগে বেতন মিলবে কি না, তা নিয়ে ধোঁয়াশায় রয়েছেন তাঁরা। সোমবার জেলা পরিষদ চত্বরে আন্দোলনে শামিল হলেন শিশুশিক্ষা কেন্দ্র ও মাধ্যমিক শিক্ষাকেন্দ্রের শিক্ষক-শিক্ষিকারা। তা ঘিরে উত্তেজনা ছড়ায় জেলা পরিষদ চত্বরে। বকেয়া বেতনের পাশাপাশি জেলায় দায়িত্বে থাকা আধিকারিকের বদলির দাবি তুললেন শিক্ষক- শিক্ষিকারা।

প্রশাসনিক সূত্রে খবর, জেলা জুড়ে এসএসকে ও এমএসকে রয়েছেন ১ হাজার ৪৮১ জন। রাজ্যে পালাবদলের পরে ওই শিক্ষক-শিক্ষিকাদের বেতন একলপ্তে পাঁচ হাজার টাকা বৃদ্ধি করা হয়েছে। অক্টোবর মাস থেকে বেতন বৃদ্ধি চালু হবে বলে ঘোষণা করেছে রাজ্যের নতুন সরকার। অভিযোগ, গত জুলাই মাস থেকে বেতন বকেয়া। শিক্ষক-শিক্ষিকারা সমস্যায় পড়েছেন।

শিক্ষক সৌম্যদীপ দেব বলেন, “রাজ্য সরকার বেতন বৃদ্ধি করেছে। জেলার দায়িত্বে থাকা আধিকারিক টাকা আটকে রেখেছেন।” শিক্ষিকা বিষ্ণুপ্রিয়া সরকার বলেন, “জুলাই মাস থেকে বেতন বকেয়া।” জেলা পরিষদের নির্দিষ্ট দফতরের তরফে বকেয়া বেতনের সমস্যা দ্রুত মেটানোর আশ্বাস দেওয়া হয়েছে।

শহর থেকে সরবে দূরপাল্লার বাসের স্ট্যান্ড

নিজস্ব সংবাদদাতা

শিলিগুড়ি

শিলিগুড়ি শহরের মূল এলাকা থেকে দূরপাল্লার বেসরকারি বাসগুলিকে সরিয়ে পরিবহণ নগরে নিয়ে যাওয়ার পরিকল্পনা করা হলেও নানা কারণে তা বাস্তবায়িত হয়নি। অবশেষে পরিবহণ নগরে প্রায় সাড়ে ৩ কোটি টাকা ব্যয়ে তৈরি হতে চলেছে নতুন বাস স্ট্যান্ড। সবকিছু ঠিক থাকলে আগামী ২৮ সেপ্টেম্বর এই বাস স্ট্যান্ড তৈরির কাজের শিলান্যাস হতে পারে। ইতিমধ্যেই এসজেডিএ-এর তরফে প্রকল্পের কাজের বরাত দেওয়া হয়েছে এবং কাজের প্রস্তুতি শুরু হয়েছে।

জানা গিয়েছে, প্রথম পর্যায়ে বাস স্ট্যান্ডে শেড, শৌচালয় এবং অন্যান্য প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি করা হবে। দূরপাল্লার বড় বাসগুলির পার্কিংয়ের জন্য নির্দিষ্ট জায়গা, যাত্রী ওঠানামার ব্যবস্থা এবং বাস পরিচালনার জন্য অন্যান্য পরিকাঠামো গড়ে তোলা হবে। ভবিষ্যতে পরিবহণ নগরে সেটিকে একটি পূর্ণাঙ্গ বাস টার্মিনাল হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। শিলিগুড়ির বিধায়ক তথা পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষ বলেন, “২৮ সেপ্টেম্বর বাস স্ট্যান্ড তৈরির কাজের শিলান্যাস হওয়ার কথা। নতুন বাস স্ট্যান্ড তৈরি হয়ে গেলে দূরপাল্লার বাসগুলিকে আর শহরের ভিতরে ঢুকতে হবে না। ফলে, শহরের যানজট কমবে।”

আহত যুবক

জলপাইগুড়ি: ছিঁড়ে থাকা কেবলের তার জুড়ছিলেন নিতুন দাসগুপ্ত। রাস্তায় তার কেন পড়ে আছে তা নিয়ে বচসা হওয়ায় দুই যুবক তাকে ছুরি দিয়ে আঘাত করে, অভিযোগ। সোমবার রাতে জলপাইগুড়ি শহরের কামারপাড়ায়। আহত যুবক হাসপাতালে চিকিৎসাধীন। জনতা এক অভিযুক্তকে ধরে ফেলে। অপর অভিযুক্ত পলাতক। নিতুনের স্ত্রী রিম্পা দাসগুপ্ত বলেন, “আতঙ্কে রয়েছি, অভিযুক্তদের শাস্তি চাই।” পুলিশ তদন্ত শুরু হয়েছে। — *নিজস্ব সংবাদদাতা*

আনন্দবাজার পত্রিকা

ইত্যাদি

নাম পরিবর্তন

জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সেকেন্ড কোর্ট, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর এর সম্মুখে এফিডেভিট (ক্রমিক নং 78, তাং 21/08/2026) বলে ঘোষণা করেছি যে, আমি Sujay Sarkar (সঠিক নাম) এবং Sujoy Sarkar (আমার পুত্র Durjoy Sarkar D.O.B. 05/11/2009, Regd. No. 2009/ 06308 -এর জন্ম সার্টিফিকেটে অসাবধানতাবশতঃ উল্লেখিত) এক ও অভিন্ন ব্যক্তি। – Sujay Sarkar, S/o Shailesh Sarkar, গ্রাম ও পোস্ট - পঞ্চভায়া, থানা - রায়গঞ্জ, জেলা - উত্তর দিনাজপুর।

AG109AGG109 00239214

নাম পরিবর্তন, আবেদন, হারানো-প্রাপ্তি, নোটিস, টেন্ডার, নিলাম ও আরও অন্যান্য বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

- 9903088888
- 7666700400

AFFIDAVIT

I, Subhash Das, S/o Jagadish Das, R/o Vill. Gaurangagachh, P.O. Molani, P.S. Chopra, Dist. Uttar Dinajpur, do hereby declare that my son's correct name is Rupesh Das. Due to an inadvertent error in Aadhaar No. 8493 9424 9247, the name Basanti Das was mentioned in place of Rupesh Das. The correct name is Rupesh Das and the same may be treated as correct for all purposes. Vide Affidavit No. 26, sworn before the Ld. Judicial Magistrate (1st Class), Islampur Court, Uttar Dinajpur, on 19.09.2026.

I, Banju Kumary, W/O - Bharat Kr Mahato, residing at Village - Balichar, P.O. - Tungidighi, P.S. - Karandighi, District - Uttar Dinajpur, PIN - 733215 (West Bengal) declared that Banju Kumary & Banju Kumari Mahato, both the names are same indicating one and identical person i.e. myself vide affidavit before the Ld. Executive Magistrate at Islampur, Dist. U/D dt. 16.09.2026. Affidavit No. 14632.

উত্তরবঙ্গ সংস্করণে ব্যক্তিগত বা ব্যবসায়িক বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ● 8017745199

পঞ্জাব নৈশনল বৈংক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon !

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি): মালদা
পিএনবি স্টেশন রোড ব্রাঞ্চ, নূর ম্যানসন, স্টেশন রোড, রথবাড়ি, জেলা- মালদা, ৭৩২১০১
ই-মেল: CS8275@PNB.BANK.IN

এসআই (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর বিধানাবলির সহিত পঠিত রুল ৮(৬) এবং রুল ৬ (২)-এর বিধানাবলি এবং সারফেইসি অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পৎ বিক্রয়ের জন্য ই-অকশন সেল নোটিস

সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করিয়া ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারেন্টর(গণ)-কে এতদ্দ্বারা নোটিস দেওয়া হইতেছে যে, অত্র নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি জামিনযুক্ত পাওনাদারের নিকট রেহানাবদ্ধ/চার্জযুক্ত রহিয়াছে, যাহার কনস্ট্রাক্টিভ/বাস্তবিক/প্রতীকী দখল ব্যাঙ্ক/জামিনযুক্ত পাওনাদারের অনুমোদিত অফিসার কর্তৃক দখল লওয়া হইয়াছে এবং উহা নিম্নে বর্ণিতমতো সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ ও গ্যারেন্টরগণের নিকট হইতে ব্যাঙ্ক/জামিনযুক্ত পাওনাদারের বকেয়া উশুলের নিমিত্ত অত্র নিম্নোক্ত সারণিতে উল্লেখিত তারিখে “যেখানে যে অবস্থায় আছে”, “যেখানে যাহা কিছু আছে” এবং “যেখানে যেরূপ প্রকার আছে” ভিত্তিতে বিক্রয় করা হইবে। সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের জন্য সংরক্ষিত মূল্য ও বায়না জমার পরিমাণ নীচের সারণিতে উল্লেখ করা হইল।

ই-অকশন-এর তারিখ/সময়: ২৭.১০.২০২৬, বেলা ১০.০০টা হইতে বিকাল ০৪.০০টা এবং বায়না জমা দেওয়ার শেষ তারিখ: ২৭.১০.২০২৬ বেলা ৩.০০টা পর্যন্ত

শ্রী রাহুল সিং, চিফ ম্যানেজার (অনুমোদিত অফিসার), এআরএমবি, মালদা, মোবাইল নং ৯১১১৯৩৮৪৬১, ই-অকশন কালেকশন এ/সি-এর বিবরণ: অ্যাকাউন্টের নাম – সান্ড্রি/ এনপিএ/ সারফেইসি/ অকশন রিলেটেড, এ/সি নং 827500317118A (আইএফএসসি – PUNB0827500)

জামিনযুক্ত পরিসম্পদের তফশিল

লট নং	ব্রাঞ্চের নাম অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতা/গ্যারেন্টরগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকীকৃত স্থাবর সম্পত্তির বিবরণ/মালিকের নাম (সম্পত্তি(সমূহ)-এর বন্ধকদাতাগণ)	ক) সারফেইসি অ্যাক্ট ২০০২-এর ১৩(২) ধারা অধীনে ডিমান্ড নোটিসের তারিখ খ) -------তারিখমতো বকেয়ার পরিমাণ গ) সারফেইসি অ্যাক্ট ২০০২-এর ১৩(৪) ধারা অধীনে দখলের তারিখ ঘ) দখলের ধরন প্রতীকী/বাস্তবিক/কনস্ট্রাক্টিভ	ক) সংরক্ষিত মূল্য (লক্ষ টাকায়) খ) ইএমডি গ) ডাক বৃদ্ধির পরিমাণ
১	হরিরামপুর (০৩৮১২০) মেঃ তারা মা মাল্টিপারপাস কোল্ড স্টোরেজ (অ্যাকাউন্ট নং:- 0381208700001123, 038120CN00000016 ও 03812ILG000224) ঋণগ্রহীতা: মেঃ তারা মা মাল্টিপারপাস কোল্ড স্টোরেজ ঠিকানা: গ্রাম এবং পোঃঅঃ-হরিরামপুর, জেলা- দক্ষিণ দিনাজপুর-৭৩৩১২৫ অংশীদার/গ্যারেন্টর/বন্ধকদাতা: শ্রীমতি সুচরিতা পাল স্বামী শ্রী শুভাশিস পাল ঠিকানা: পূর্ব পল্লী, হরিরামপুর, জেলা- দক্ষিণ দিনাজপুর-৭৩৩১২৫ অংশীদার/গ্যারেন্টর: ১. শ্রী. শুভাশিস পাল, পিতা ভূপেন্দ্র নারায়ণ পাল, ঠিকানা: পূর্ব পল্লী, হরিরামপুর, জেলা- দক্ষিণ দিনাজপুর-৭৩৩১২৫, ২. শ্রীমতী সংকলিতা পাল, পিতা-শ্রী শুভাশিস পাল, ঠিকানা: পূর্ব পল্লী, হরিরামপুর, জেলা- দক্ষিণ দিনাজপুর-৭৩৩১২৫, ৩. শ্রী নিরঙ্কুশ দাস, পিতা- সিসির কুমার দাস ঠিকানা: চকভবানী, মালোপাড়া, বালুরঘাট, জেলা-দক্ষিণ দিনাজপুর-৭৩৩১০১	১.ব্যাংক ফিন্যান্স ও ঋণগ্রহীতার নিজস্ব অর্থায়নে সৃষ্ট প্ল্যান্ট ও যন্ত্রপাতি এবং আসবাবপত্র ও ফিক্সচারসমূহ বন্ধক রাখা হয়েছে; যার মধ্যে রয়েছে: ১,১৮০ কেভিএ জ্যাকসন সাইলেন্ট ডিজেল জেনারেটর সেট (পুরানো ও ব্যবহৃত) একটি, ২. স্টার্টার ও বিভিন্ন আকারের তামার তার (কপার কেবল), ৩. পাপ ডোর স্টেইনলেস স্টিল পাপসহ, ৪. অ্যাঙ্কর সুইচ ও সকেট পিভিসি সার্কুলার বক্স, ৫.থার্মোস কয়েল বসানোর জন্য স্টিল ব্লক, ৬. টিইএফ-২ ফ্ল্যাঞ্জ প্লাগ, এলবো, শর্টপিস জিএম গেট ভালভ, ৭. তাপ স্থানান্তরের জন্য ইনসুলেশন গার্ড, ৮. তাপ স্থানান্তরের জন্য ইনসুলেশন গার্ড, ৯. রিঅয়ারেবেল সুইচ ও চেঞ্জওভার সুইচ অন্যান্য, ১০. ০২টি বৈদ্যুতিক মোটরের জন্য সুরক্ষা খাঁচা, ১১. ২টি কিরলোস্কার কেসিএস ৩ ও ৪ কম্প্রেসার, ১২. কাপলিং সহ ১৫ ও ২০ হর্সপাওয়ারের পাম্প সেট, ১৩.স্পাইরাল বাঙ্কার টাইপ কুলিং কয়েল, ১৪. ওয়েল্ডেড গ্লাভ ভালভ, ১৫.তাপ স্থানান্তরের জন্য ইনসুলেশন/গার্ড, ১৬.অয়েল সেপারেটর, সার্জ ড্রাম ও এমএস সাকশন ট্র্যাপ, ১৭. ২০ ফুট লম্বা ও ৩০ ইঞ্চি ব্যাসের অ্যামোনিয়া রিসিভার, ১৮.গ্লাভ ভালভ (নিডল ও স্ক্রু সহ), ১৯.স্পাইরাল ফিন টাইপ বাঙ্কার কুলিং কয়েল, ২০. এমএস সকেট/ নিপল/এলবো/ফ্ল্যাঞ্জ, ২১. ক্লইস ভালভ নাট-বোল্ট ইত্যাদি, ২২. এমএস এলবো ও নিপল ইত্যাদি ৫২৪, ২৩.এমএস অ্যাঙ্গেল, ২৪. পিভিসি বুলড ফ্ল্যাশ ও ফিটিংস (নাট-স্ক্রু-স্ট্যাপল সহ), ২৫. স্পাইরাল ফিন টাইপ বাঙ্কার কুলিং কয়েল, ২৬. এমএস চ্যানেল ও অ্যাঙ্গেল টি-১০৪৬২, ২৭. তাপ স্থানান্তরের জন্য হাই ডেনসিটি ইনসুলেশন গার্ড, ২৮. তাপ স্থানান্তরের জন্য ইনসুলেশন গার্ড ২৯. প্রয়োজনীয় হার্ডওয়্যার, ৩০. প্রয়োজনীয় হার্ডওয়্যার, ৩১.ক্লাস ৩পি জিআই পাইপ, ৩২. টাটা এমএস শিট ৩৩. গ্লাভ ভালভ, ৩৪. গ্লাভ ভালভ, ৩৫, গ্লাভ ভালভ ৩৬. গ্লাভ ভালভ, সেফটি ভালভ, নিডল ভালভ ৩৭. কোল্ড স্টোরেজের যন্ত্রপাতি, ৩৮. যন্ত্রপাতি, ৩৯. উচ্চ ঘনত্বের থার্মোকল, ৪০. আনুষঙ্গিক যন্ত্রাংশসহ ১৫৩ বিএইচপি কামিন্স ইঞ্জিন, ৪১. চার্জার প্লেট, কেবল, পিইউএফ লিফট ডোর, পিইউএফ ডোর, ৪২. ৬-ওয়ে ডিস্ট্রিবিউশন বক্স (ডাবল ডোর), ১২-ওয়ে ডিস্ট্রিবিউশন বক্স ৪৩. ৫০০ কেভিএ স্টেপ-ডাউন ট্রান্সফরমার, ৪৪. ইন্ডিকেটরসহ ভালভ কন্ট্রোলার, স্ট্রেইনার-সহ সোলেনয়েড ভালভ; ৪৫. এমএস সার্জ ড্রাম ৪৮*২০, ৪৬. হিট ট্রান্সফারের জন্য ইনসু গার্ড। ২. সম্পত্তিটির সমস্ত অংশ—যার মধ্যে জমি ও বিল্ডিং অন্তর্ভুক্ত—নিচে বর্ণিত স্থানে অবস্থিত: জে.এল. নং ৯৬ (পুরাতন) / ১৩৩ (নতুন); পুরাতন খতিয়ান নং ৭৪২, এলআর খতিয়ান নং ৮৯৫, এলআর প্লট নং ১৪, আয়তন ৫৭ ডেসিমেল; পুরাতন খতিয়ান নং ৬৩৩, এলআর খতিয়ান নং ৮৯৫, এলআর প্লট নং ১৬, আয়তন ৫৪ ডেসিমেল; পুরাতন খতিয়ান নং ৬৩৩, এলআর খতিয়ান নং ৮৯৫, আয়তল ২৩ ডেসিমল, এলআর প্লট নং ১৪-তে ৩১ ডেসিমেল ও এলআর প্লট নং ১৬-তে মোট আয়তন ১৬৫ ডেসিমেল। মৌজা: গুরখাইর, থানা: হরিরামপুর, জেলা: দক্ষিণ দিনাজপুর; শ্রেণি: হিমঘর। এটি তিনটি (৩) নিবন্ধিত দলিলের মাধ্যমে বন্ধক রাখা হয়েছে: টাইটেল ডিড নং I-৭৩৩ (তারিখ ০৫.০২.২০১০), টাইটেল ডিড নং I-৭৩৫ (তারিখ ০৫.০২.২০১০) এবং টাইটেল ডিড নং I-৭৩৬ (তারিখ ০৫.০২.২০১০); দলিলগুলো এডিএসআর বুনিয়াদপুরে সুচরিতা পাল স্বামী: সুভাশিস পাল-এর নামে নিবন্ধিত। **দলিল অনুযায়ী সীমানা:** উত্তরে - সনাতন ঘোষ ও অন্যান্য; দক্ষিণে - বালিয়া হরিজন; পূর্বে - সনাতন ঘোষ ও অন্যান্য; পশ্চিমে - বকা হরিজন ও অন্যান্য। **মূল্যায়নকারীর প্রতিবেদন (তারিখ ২৮/০৬/২০২৪) অনুযায়ী সীমানা:** উত্তরে - সনাতন ঘোষ, সনৎ কুমার ঘোষ ও পঞ্চায়েত রাস্তা; দক্ষিণে - বালি চরণ হরিজন ও অন্যান্য; পূর্বে - লক্ষ্মী ঘোষ ও অন্যান্য; পশ্চিমে - নয়ানজুলি।	(ক) ১১.১১.২০২৪ (খ) টাঃ ৯,৭১,৮৯,০৯০.৬৭ (নয় কোটি একাত্তর লক্ষ উননব্বই হাজার নব্বই টাকা সাতষট্টি পয়সা); – ২৯.১০.২০২৪ তারিখমত তৎসহ ঠিকাচুক্তি হারে আরও সুদ, উশুল বাদে (যদি থাকে), ৩০.১০.২০২৪ তারিখ হইতে তদ্‌পরি অন্যান্য চার্জ ডিমান্ড নোটিশে উল্লেখিত মত। (গ) ১৬.০১.২০২৫ (ঘ) প্রতীকী	জামিন ১-এর জন্য ক) টাঃ ৩২০.৭২ খ) টাঃ ৩২.০৭২ গ) টাঃ ১.০০ জামিন ২-এর জন্য ক) টাঃ ১১৬৮.৫২ খ) টাঃ ১১৬.৮৫২ গ) টাঃ ১.০০
২	কালিয়াচক (০২৯৩২০) মেঃ এসএইচ এন্টারপ্রাইজেস 0293250305259 ঋণগ্রহীতা: মেঃ এসএইচ এন্টারপ্রাইজেস স্বত্বাধিকারী ও বন্ধকদাতা: মোঃ সিয়াকত আলি, পিতা- মাহিনুর সেখ ঠিকানা-১: গ্রাম-কালিয়াচক হাট রোড, পো-অঃ এবং থানা-কালিয়াচক, জেলা- মালদা ৭৩২২০১ ঠিকানা-২: গ্রাম+ পোস্ট- খাসচাঁদপুর, থানা-কালিয়াচক, জেলা-মালদা-৭৩২২০১	ভূমি ও বিল্ডিংসহ সম্পূর্ণ সম্পত্তিটি—যার বিবরণ নিম্নরূপ: জেএল নং ৬৮; আর.এস. খতিয়ান নং ৪৯৯; এল.আর. খতিয়ান নং ৫২১৬; আর.এস. প্লট নং ৯১; এল.আর. প্লট নং ২৪৮; বর্তমান খতিয়ান নং ৬১০৭; মৌজা-খাসচাঁদপুর; থানা-কালিয়াচক; জেলা-মালদা; শ্রেণি-বাস্তু; মোট জমির পরিমাণ ৬.১৬ ডেসিমাল—যা মহঃ. **সিয়াকত আলী, পিতা-মহঃ মাহিনুর শেখ**-এর নামে এবং ৩১.১২.২০০৯ তারিখের ১৫৯৮৯/২০০৯ নং রেজিস্ট্রিকৃত দলিলের মাধ্যমে বন্ধক রাখা হয়েছে।	(ক) ২৩.০৯.২০২৪ (খ) টাঃ ১,১৩,৩৫,৬৪১.০১ (এক কোটি তেরো লক্ষ পঁয়ত্রিশ হাজার ছয়শত একচল্লিশ টাকা এক পয়সা — ৩১.০৮.২০২৪ তারিখমতো তৎসহ ঠিকাচুক্তি হারে আরও সুদ, উশুল বাদে (যদি থাকে), ০১.০৯.২০২৪ তারিখ হইতে তদ্‌পরি অন্যান্য চার্জ। (গ) ০৪.০৩.২০২৫ (ঘ) প্রতীকী	ক) টাঃ ৪.৮২ খ) টাঃ ০.৪৮২ গ) টাঃ ০.১০
৩	কালিয়াচক (০২৩৯২০) মেঃ টলি স্টোর্স (এ/সি:-0293250305396) ঋণগ্রহীতা: মেঃ টলি স্টোর্স, স্বত্বাধীকারী এবং বন্ধকদাতা: মহঃ ফরিদ সেখ, পিতা জিদ্দি সেখ গ্যারেন্টর: শ্রীমতী তৃিল বিবি, স্বামী-মহঃ ফরিদ সেখ গ্রাম-কালিয়াচক হাট রোড, পো-অঃ এবং থানা-কালিয়াচক, জেলা- মালদা ৭৩২২০১	সম্পূর্ণ সম্পত্তিটি ‘খাসচাঁদপুর’ মৌজার অন্তর্ভুক্ত জেএল নং ৬৮, আর.এস. খতিয়ান নং ৪৯৯, এল.আর. খতিয়ান নং ৬২১৬, আর.এস. দাগ নং ৯১, এল.আর. দাগ নং ২৪৮; থানা-কালিয়াচক, জেলা-মালদা। শ্রেণী-‘বাস্তু’, এই জমির মোট পরিমাণ ৩.০৮ ডেসিমেল এবং এটি ফরিদ সেখ, পিতা: জিদ্দি সেখ-এর নামে নথিভুক্ত। সম্পত্তিটি ৮ই জুন ২০১৩ তারিখে সম্পাদিত ৮০৪৭/২০১৩ নং রেজিস্ট্রিকৃত দলিল এবং ১৫ই জুলাই ২০১৩ তারিখে সম্পাদিত ১০০৭৫/২০১৩ নং সংশোধনী দলিলের মাধ্যমে বন্ধক রাখা হয়েছে। **দলিল অনুযায়ী সীমানা:** পূর্বে-এতাহার শেখের সম্পত্তি, পশ্চিমে-পঞ্চায়েত রাস্তা, উত্তরে-মাগলু শেখের সম্পত্তি, দক্ষিণে-মাইনুর শেখের সম্পত্তি। **সাইট অনুযায়ী সীমানা:** পূর্বে-এতাহার শেখের সম্পত্তি, পশ্চিমে-অন্যের সম্পত্তি, উত্তরে-অন্য শেখের সম্পত্তি, দক্ষিণে-অন্যের সম্পত্তি।	(ক) ২৩.০৯.২০২৪ (খ) টাঃ ১,০৯,৭৩,৪৯১.৮২ ৩১.০৮.২০২৪ তারিখমত -তৎসহ ঠিকাচুক্তি হারে আরও সুদ, উশুল বাদে (যদি থাকে), ০১.০৯.২০২৪ তারিখ হইতে তদ্‌পরি অন্যান্য চার্জ। (গ) ০৪.০৩.২০২৫ (ঘ) প্রতীকী	ক) টাঃ ২.১০ খ) টাঃ ০.২১০ গ) টাঃ ০.২০

শর্তাবলি

বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্তাবলি এবং নিম্নোক্ত আরও শর্ত সাপেক্ষ হইবে:

১। সম্পত্তিসমূহ “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে” এবং “যেখানে যাহা কিছু আছে ভিত্তিতে” ও“যেখানে যেরূপ প্রকার আছে ভিত্তিতে” বিক্রয় করা হইবে।

২। উপরোক্ত তফশিলে নির্ধারিত জামিনযুক্ত পরিসম্পদের বিবরণ অনুমোদিত অফিসারের সর্বোত্তম তথ্যমতো বিবৃত করা হইয়াছে, তবে অনুমোদিত অফিসার এই ঘোষণায় কোনও প্রমাদ, ভুল বিবৃতি বা বাদ পড়িবার জন্য জবাবদিহি করিবেন না।

৩। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক এই বিক্রয় উপরোক্ত সারণিতে বর্ণিত তারিখ ও সময়ে ওয়েবসাইট **https://baanknet.com**-তে ব্যবস্থিত ই-অকশন প্ল্যাটফর্ম মারফত করা হইবে।

৪। এই বিক্রয় যে ক্রেতা অনুমোদিত অফিসারের নিকট প্রস্তাব বা দরপত্র বা টেন্ডার বা তাহার ডাকে সর্বোচ্চ বিক্রয়মূল্যের প্রস্তাব দেবেন তাহার অনুকূলে সুনিশ্চিত করা হইবে এবং তাহা জামিনযুক্ত পাওনাদারের সুনিশ্চিতি সাপেক্ষ হইবে।

৫। বিক্রয়ের বিশদ শর্তাবলির জন্য দেখুন **https://baanknet.com** এবং **www.pnb.bank.in**

৬। জামিনযুক্ত পাওনাদারের নিকট জ্ঞাত দায়ের বিবরণ:- জানা নাই-ক্র নং ২ ও ৩ -এর ক্ষেত্রে ক্র নং ১-এর ক্ষেত্রে কেস নং এসএ/৬২/২০২৫ সহ ডিআরটি-তে দাখিল করা হইয়াছে।

তারিখ: ২১.০৯.২০২৬
স্থান: মালদা

অনুমোদিত অফিসার
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক
জামিনযুক্ত পাওনাদার

সারফেইসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৮(৬) এবং রুল ৬(২) অধীন সংবিধিবদ্ধ সেল নোটিস